

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪০(আগরতলা-১৩।০১)

খোয়াই, ১৩ জানুয়ারী, ২০১৮

মেলার মাধ্যমে ঐক্য ও সম্প্রীতির মেলবন্ধন সুদূত হয়: পর্যটনমন্ত্রী

তেলিয়ামুড়া, কল্যাণপুর, মুঙ্গিয়াকামী ব্লক ও তেলিয়ামুড়া পুর পরিষদের যৌথ উদ্যোগে চাকমাঘাট ব্যারেজ প্রাঙ্গণে শুরু হয়েছে পৌষ সংক্রান্তি মেলা ও প্রদর্শনী। আজ বিকালে প্রদীপ জ্বালিয়ে আনুষ্ঠানিকভাবে ২ দিন ব্যাপী মেলার উদ্বোধন করেন পর্যটন দপ্তরের মন্ত্রী রতন ভৌমিক। উদ্বোধক হিসেবে বক্তব্য রাখতে গিয়ে পর্যটন মন্ত্রী শ্রী ভৌমিক বলেন, মেলা ও উৎসবের মাধ্যমে ঐক্য ও সম্প্রীতির মেল বন্ধন সুদূত হয়। এক সময় রাজ্যে অশান্তির বাতাবরণ ছিল, এর ফলে উন্নয়নের কাজকর্ম ঠিকভাবে করা যায়নি। সকলের সহযোগিতায় শান্তির পরিবেশ সৃষ্টি হয়েছে। ফলে সামগ্রিকভাবে কৃষি, বিদ্যুৎ, স্বাস্থ্য, শিক্ষা, জল, সড়ক এ গুলির উপর গুরুত্ব দিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ হচ্ছে। মেলার মাধ্যমে সম্প্রীতিকে আরো শক্তিশালী করতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক গৌরী দাস ও মনীন্দ্র চন্দ্র দাস বলেন, শান্তি সম্প্রীতির মেলবন্ধন বজায় না থাকলে মানুষের মধ্যে জাতি সত্তার বিকাশ হয়না। মেলার মাধ্যমে সম্প্রীতির মেল বন্ধন আরো সুদূত করতে উভয়ই সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন তেলিয়ামুড়া ব্লকের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক বিপ্লব আচার্য। উপস্থিত ছিলেন এম ডি সি ধনঞ্জয় দেববর্মা, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীল মুন্ডা, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে, ভাইস চেয়ারপার্সন জয়দেব গুহ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমলেশ চৌধুরী। এই মেলা ও প্রদর্শনীতে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, পুর পরিষদ, ব্লক প্রশাসন, মহকুমা প্রশাসন, প্রাণী সম্পদ বিকাশ, মৎস্য দপ্তর সহ বিভিন্ন সরকারী দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়েছে। পর্যটন মন্ত্রী শ্রী ভৌমিক ফিতাকেটে প্রদর্শনী স্টলের উদ্বোধন করেন। মেলাতে উপজাতি নৃত্য, সংগীত, বাউল, গাজন ইত্যাদি পরিবেশিত হচ্ছে।
